কালের কণ্ঠ

তারিখ : 20 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশি শিক্ষার্থীর সংখ্যার নতুন রেকর্ড

**কূটনৈতিক প্রতিবেদক ▷**

গত শিক্ষাবর্ষে (২০১৪-১৫) রেকর্ডসংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গেছে। দেশটির বার্ষিক 'ওপেন ডোরস রিপোর্ট অন ইন্টারন্যাশনাল এডুকেশন এক্সচেঞ্জ' শীর্ষক প্রতিবেদন অনুযায়ী, গত শিক্ষাবর্ষে পাঁচ হাজার ৪৫৫ জন বাংলাদেশি উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গেছেন। ২০০৯-১০ শিক্ষাবর্ষের (দুই হাজার ৬১৯ শিক্ষার্থী) চেয়ে এই সংখ্যা দ্বিগুণ। গত চার শিক্ষাবর্ষ ধরে ধারাবাহিকভাবে এই হার বৃদ্ধি পেয়েছে। সর্বশেষ ২০১৪-১৫ শিক্ষাবর্ষে যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোয় বাংলাদেশি শিক্ষার্থী বৃদ্ধির হার ১৩.৬ শতাংশ।

যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট বলেছেন, 'এ রেকর্ডসংখ্যক শিক্ষার্থী মেধা অর্জনের একটি গল্প।'